## AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 24-06-2026** **Time: 1.40 PM**

বাজেট অধিবেশনের পঞ্চম দিনে আজ বিধানসভায় রাজ্য বাজেটের উপর আলোচনা শুরু হয়েছে। আজ ও আগামীকাল দুদিন ধরে মোট ১০ ঘন্টা এই আলোচনা চলবে। প্রথম দিনে আজ পাঁচ ঘণ্টার আলোচনায় শাসক ও বিরোধী শিবিরের মোট ৩২ জন সদস্য অংশ নেবেন। তৃণমূল কংগ্রেস, বিজেপি, এওয়াইজেউপি এবং কংগ্রেসের প্রতিনিধিরা বাজেটের বিভিন্ন দিক নিয়ে বক্তব্য রাখছেন।

আজ আলোচনার সূচনা করেন তৃণমূল কংগ্রেসের সমীর কুমার জানা। এরপর বিজেপির ড. হিরণ্ময় চট্টোপাধ্যায় বক্তব্য রাখেন। এখন বক্তব্য রাখছেন বিজেপির মানিকচকের বিধায়ক গৌরচন্দ্র মন্ডল। তিনি বাজেটকে ঐতিহাসিক আখ্যা দিয়ে মিড ডে মিল ও হাসপাতালের রোগীর পথ্যের বরাদ্দ বাড়ানোর প্রশংসা করেন।

বিজেপির সজল ঘোষ, তরুণজ্যোতি তেওয়ারি, ড. বিজন মুখোপাধ্যায়, রাজেশ কুমার, বিল্লেশ্বর সিনহা, তাপসচন্দ্র রায়-সহ একাধিক বিধায়ক আজকের আলোচনায় অংশ নিচ্ছেন। তৃণমূলের পক্ষ থেকে প্রসূন বন্দ্যোপাধ্যায়, বিশ্বনাথ দাস, কানাইলাল আগরওয়াল বক্তব্য রাখবেন।

এওয়াইজেইউপি-র পক্ষ থেকে হুমায়ুন কবির এবং কংগ্রেসের পক্ষে মোহতাব শেখ আলোচনায় অংশ নেবেন। দিনের শেষের দিকে তৃণমূল কংগ্রেসের শোভনদেব চট্টোপাধ্যায়ের জন্য ২০ মিনিট সময় বরাদ্দ রয়েছে।

গত সোমবার ড. স্বপন দাসগুপ্তের পেশ করা ৪ লক্ষ ৩৮ হাজার কোটি টাকার বাজেট নিয়ে আজ শাসক ও বিরোধী পক্ষের মধ্যে তুমুল বাগযুদ্ধের সম্ভাবনা রয়েছে। কর্মসংস্থান, যুবভাতা, অন্নপূর্ণা যোজনা, কৃষক প্রণোদনা, শিল্প বিনিয়োগ, পরিকাঠামো উন্নয়ন এবং রাজ্যের আর্থিক অবস্থাকে কেন্দ্র করে সরকারকে চাপে ফেলতে পারে বিরোধীরা। অন্যদিকে বিজেপি বিধায়কেরা বাজেটকে ‘অন্তর্ভুক্তিমূলক’ ও ‘উন্নয়নমুখী’ বলে তুলে ধরে সরকারের অবস্থান ব্যাখ্যা করছে।

-----------------------------

কলকাতায় সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে পড়ুয়াদের মিড ডে মিলে কি খাওয়ানো হবে, তা নিয়ে এখনও কোনো সিদ্ধান্ত হয়নি বলে ইস্কন জানিয়েছে। কলকাতায় সংগঠনের সহ সভাপতি রাধারমন দাস এক সোশ্যাল মিডিয়া পোস্টে জানিয়েছেন, মেনু ঠিক হওয়ার পর ইস্কনের তরফে আনুষ্ঠানিকভাবে তা ঘোষণা করা হবে। এই বিষয়ে সমাজমাধ্যমে ভুল তথ্য শেয়ার করা থেকে বিরত থাকার আবেদন জানিয়েছেন তিনি।

উল্লেখ্য, সম্প্রতি বাজেট প্রস্তাবে কলকাতা পুরসভার আওতাধীন স্কুলগুলিতে মিড ডে মিলের দায়িত্ব ইস্কনকে দেওয়ার কথা ঘোষণার পরই, পড়ুয়াদের কি খাবার দেওয়া হবে, তা নিয়ে সমাজমাধ্যমে বিতর্ক শুরু হয়েছে।

-----------------------------

রাজ্যের অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত বলেছেন, পশ্চিমবঙ্গে শিল্পাবান্ধব পরিবেশ শীঘ্রই ফিরে আসবে। বণিককসভা অ্যাসোচেম আয়োজিত এক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে পারিবারিক ব্যবসা ঐতিহ্যকে সম্মান জানিয়ে পরবর্তী প্রজন্মের নেতৃত্বের ক্ষমতায়ন

শীর্ষক আলোচনায় অংশ নিয়ে তিনি বলেন, দীর্ঘদিন এরাজ্য থেকে শিল্প মুখ ফিরিয়ে নেওয়ার জন্য এখানকার রাজনৈতিক দর্শনই দায়ী। তবে এবারের বাজেটে শিল্পক্ষেত্রে যা পরিকল্পনা নেওয়া হয়েছে, তার সুফল পেতে একটু সময় লাগলেও আগামী দিনে তা রাজ্যের অর্থনীতির জন্য তা আশাব্যঞ্জক হবে।

বাইট স্বপন

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, পশ্চিমবঙ্গ জৈব প্রযুক্তি উন্নয়ন নিগম লিমিটেডের অবসরপ্রাপ্ত পরামর্শদাতা ও অধিকর্তা, পদ্মশ্রী ডক্টর নারায়ণ চক্রবর্তী। তিনি বর্তমানে সরকারের পরিকল্পানা এবং আয়ুষ্মান ভারত প্রকল্প রাজ্যে চালু হওয়াকে স্বাগত জানিয়ে বলেন, প্রান্তিক মানুষ এবার প্রকৃত স্বাস্থ্য পরিষেবা পাবেন।

-----------------------------

কলকাতার তারাতলার ব্রেসব্রিজের ট্রান্সপোর্ট ডিপোর কাছে একটি গোডাউনে ছাদ ভেঙে আজ বেশ কয়েকজন শ্রমিক আহত হয়েছেন। কিছুক্ষণ আগে নির্মীয়মান ঐ গোডাউনের লোহার শেড হুড়মুড়িয়ে ভেঙে পড়ে। ঘটনায় কয়েকজন শ্রমিক আহত হয়েছেন বলে জানা যাচ্ছে। বেশ কয়েকজনের ধ্বংসস্তূপের নীচে আটকে থাকার সম্ভাবনা। দমকল, পুলিশ প্রশাসন ও বিপর্যয় মোকাবিলা বাহিনীর কর্মীরা শুরু করেছে উদ্ধার কাজ। নিয়ে আসা হয়েছে গ্যাস কাটার মেশিন।

-----------------------------

হুগলীর আরামবাগের আদমবাঁধ এলাকায় এক বাস দুর্ঘটনায় ২ জনের প্রাণহানিতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী গভীর শোক ব্যক্ত করেছেন। মৃতদের পরিবার পিছু ৪ লক্ষ টাকা করে অর্থসহায়তার কথা ঘোষণা করা হয়েছে। ঐ ঘটনায় বেশ

কয়েকজন যখন হয়ে হাসপাতালে চিকিৎসাধীন। তাদেরও বিনামূল্যে চিকিৎসার বন্দোবস্ত করা হচ্ছে।

-----------------------------

নদীয়ার কালিগঞ্জের উপনির্বাচনের ফল ঘোষণার দিন বোমার আঘাতে ৬ বছরের তামান্না খাতুনের মৃত্যুর ঘটনায় পুলিশ অভিযুক্ত আরও তিনজনকে গ্রেপ্তার করেছে। এর আগে এই ঘটনায় ১১ জনকে গ্রেপ্তার করা হয়েছিল। কৃষ্ণনগর পুলিশ জেলার সুপার অতুল জী, আমাদের সংবাদদাতাকে জানিয়েছেন, নদীয়ার পলাশিপাড়া থেকে একজন এবং মুর্শিদাবাদের রেজিনগর ও শক্তিনগর এলাকা থেকে দুজনকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতরা হল ফাকার শেখ, জিয়ারুল শেখ ও সাবির শেখ। এই ঘটনায় ২৪ জনের নামে তামান্নার মা সাবিনা ইয়াসমিন অভিযোগ দায়ের করেছিলেন।

উল্লেখ্য, গতকালই এই ঘটনার বিচার চেয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর দ্বারস্থ হয়েছিলেন তামান্নার মা। সঙ্গে ছিলেন মীনাক্ষী মুখার্জী। কাকদ্বীপ ও কালিগঞ্জের ঘটনায় গ্রেপ্তারিতে সিপিআইএম বিধায়ক সাধুবাদ জানিয়েছেন।

-----------------------------

২০১৮ সালের ১৩ ই মে পঞ্চায়েত নির্বাচনের আগের রাতে দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপের বুধাখালিতে সিপিআইএম কর্মী দম্পতি দেবু দাস ও উষা দাসকে, তাদের বাড়িতে পুড়িয়ে মারার ঘটনায় গতরাতে অভিযোগ পত্রে নাম থাকা ১০ জনকে পুলিশ গ্রেপ্তার করেছে। আইপিএস মুরলী ধর শর্মার নেতৃত্বে সিট ও সুন্দরবন পুলিশ জেলার যৌথ অভিযানে ধৃত অভিযুক্তদের মধ্যে কয়েকজন তৃণমূল নেতা কর্মী রয়েছে। আজ তাদের কাকদ্বীপ মহকুমা আদালতে তোলা হবে।

উল্লেখ্য, ২০১৮-র ঐ ঘটনার পর দম্পতির ছেলে দীপঙ্কর দাস, ১২ জনের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেন। তখন পুলিশ ৯ জনকে গ্রেপ্তার করলেও, তাদের কারোর নামই অভিযোগ পত্রে ছিল না বলে জানা যায়।

----------------------------

সক্রিয় দক্ষিণ পশ্চিম মৌসুমি বায়ু নিম্নচাপ অক্ষরেখা এবং বাতাসে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প থাকায় রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী কয়েক দিন বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আলিপুরে ২৪ ঘন্টায় ৫৯ মিলিমিটারেরও বেশি বৃষ্টি রেকর্ড করা হয়েছে। আজও উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা পূর্ব পশ্চিম বর্ধমান নদিয়া মুর্শিদাবাদ বীরভূম জেলায় দমকা হাওয়া ও বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির হলুদ সর্তকতা রয়েছে। মৎস্যজীবীদেরও আজ পর্যন্ত রাজ্য ও সংলগ্ন উত্তর ওড়িশা উপকূলের দিকে যেতে নিষেধ করা হয়েছে।

এদিকে, উত্তরবঙ্গে ক্রমাগত বৃষ্টিতে বেড়েছে নদীর জলস্তর। গত ২৪ ঘন্টায় আলিপুরদুয়ারের ফালাকাটায় ১৭০ এবং কোচবিহারে প্রায় ১১৪ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে। আজ জলপাইগুড়ি কোচবিহার ও আলিপুরদুয়ার জেলায় রয়েছে ভারী বৃষ্টির সতর্কতা।

----------------------------

শিলিগুড়ি ও মিরিকের মধ্যে সংযোগকারী দুধিয়া ব্রিজটি প্রবল বৃষ্টিতে ভেঙে যাওয়ার পর সেনাবাহিনী বালাসন নদীর ওপর ৩৪ মিটার ফুট ব্রিজ নির্মাণ করেছে। জেলা প্রশাসনের অনুরোধের পর এই কাজে নামে সেনাবাহিনীর ত্রি শক্তি কোর। এই

ব্রিজটির ওপর দিয়ে কোনো রকম যান চলাচল করবে না। শুধুমাত্র পায়ে হেঁটেই ব্যবহার করা যাবে। আগামী দিনে, যান চলাচলের জন্য বেইলি ব্রীজ তৈরি করবে সেনা।

-----------------------------

জলপাইগুড়ির মেটেলি ব্লকের নেওরা নদীর ভাঙ্গনের জেরে বিধাননগর গ্রাম পঞ্চায়েতের বাটাইগোল বস্তি ও নদীর ধারের একটি ট্যুরিস্ট লজ বিপদের মুখে। গত কয়েকদিনের প্রবল বৃষ্টিতে নদী ভাঙন তীব্র আকার নেওয়ার পর আবাদি জমি সহ ঐ ট্যুরিস্ট লজের সীমানা প্রাচীর ও সাইনবোর্ড নদীতে ভেসে গেছে। স্থানীয়দের অভিযোগ গত বছর অক্টোবরে বন্যায় ক্ষতিগ্রস্ত বাঁধ এখনো মেরামত করা হয়নি। দ্রুত ব্যবস্থা না নিলে আরও বাড়ি ঘর নদীগর্ভে তলিয়ে যাওয়ার আশঙ্কা করছেন স্থানীয়রা।

এদিকে, রাজ্যের বিভিন্ন জেলায় গতকাল বজ্রপাতে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ১০।

জমিতে কাজ করার সময়ে মালদায় বাজ পড়ে জাহাঙ্গীর মিঞাঁ এবং সালেখ মিঞাঁ নামে দুজনের মৃত্যুর খবর মিলেছে।

আগেই জানানো হয়েছে, ঐ জেলারই পারদেওনাপুর ঘাট থেকে মুর্শিদাবাদের ধুলিয়ান যাওয়ার পথে মাঝগঙ্গায় যাত্রীবোঝাই নৌকায় বজ্রপাতের ঘটনায় মৃত্যু হয় ৪ জনের। আহত হয়েছেন অন্তত ১২ জন। আহতদের সবাইকে ধুলিয়ানের অনুপনগর এবং জঙ্গীপুর মহকুমা হাসপাতালে ভর্তি করা করা হয়েছে। মৃতদের বাড়ি পারদেওনাপুর চৌধুরীপাড়া এলাকায়। আহতরা শোভাপুর এলাকার বাসিন্দা।

অন্যদিকে, পুরুলিয়ায় বাজ পড়ে মৃত্যু হয়েছে দুজনের, জখম ১০ জন। তাদের পুরুলিয়ায় দেবেন মাহাতো মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহতদের মধ্যে একটি ছোট শিশুও রয়েছে।

কোচবিহারেও বজ্রাঘাতে দুজন প্রাণ হারিয়েছেন। শীতলকুচির শাটিমারি এলাকায় বৃষ্টি চলাকালীন মাঠে গরু আনতে মেনকা বর্মন নামে এক মহিলা বজ্রাহত হন। শুকটাবাড়ি গ্রাম পঞ্চায়েত এলাকায় মাঠে কাজ করার সময় বজ্রাঘাতে আহত হন চারজন। হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা একজনকে মৃত ঘোষণা করেন।

---------------------------- ----------------------------